



সাদা পাথরের পর এবার জৈন্তাপুরের রাংপানি এলাকায় প্রকাশ্যে পাথর লুট, নির্লিঙ্গ প্রশাসন



সংগৃহীত ছবি

সাদা পাথরের পর এবার সিলেটের জৈন্তাপুরের রাংপানি এলাকায় প্রকাশ্যে শুরু হয়েছে পাথর লুট। স্থানীয়রা অভিযোগ করেছেন, প্রতিদিন ছোট ছোট নৌকায় ভরে সাদা পাথর নিয়ে যাওয়া হচ্ছে, অথচ প্রশাসনের তেমন কোনো কার্যকর পদক্ষেপ চোখে পড়ছে না।

সিলেটের অন্যতম মনোরম পর্যটন এলাকা রাংপানি—যেখানে পাহাড়ি সবুজ, ঝরনা আর পাথরের মিলনে গড়ে উঠেছে অনন্য প্রাকৃতিক সৌন্দর্য। কিন্তু সাম্প্রতিক সময়ে এ সৌন্দর্যকেই ছমকির মুখে ফেলেছে অবাধ পাথর লুট। স্থানীয়রা জানান, জাফলং ও সাদাপাথর রক্ষায় নানা উদ্যোগ থাকলেও রাংপানি যেন লুটেরাদের অবাধ ক্ষেত্র হয়ে উঠেছে।

পর্যটক ও পরিবেশকর্মীদের অনেকে এই লুটের প্রতিবাদ করলে লুটকারীরা ক্ষিপ্ত হয়ে ওঠে বলে অভিযোগ রয়েছে। তাদের মতে, প্রশাসনের দুর্বলতা ও নিরাপত্তাহীনতাই এই চক্রকে আরও বেপরোয়া করে তুলেছে।

তবে উপজেলা প্রশাসন বলছে, প্রাকৃতিক সম্পদ রক্ষায় তারা সর্বোচ্চ চেষ্টা চালাচ্ছেন। সীমান্ত এলাকায় বিজিবির সহযোগিতাও চাওয়া হয়েছে। জৈন্তাপুর উপজেলার সহকারী কমিশনার (ভূমি) ফারজানা আক্তার লাভনী জানিয়েছেন, বিষয়টি জানার পর সেখানে অভিযান পরিচালনার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

স্থানীয় পরিবেশকর্মী ও সচেতন নাগরিকরা মনে করেন, সাদাপাথর বা জাফলংয়ের মতো পরিচিত স্থানের পাশাপাশি রাংপানির মতো প্রাকৃতিক সম্পদকেও সমান গুরুত্ব দিয়ে রক্ষা করা জরুরি। তাদের মতে, সঠিক সময়ে কার্যকর ব্যবস্থা না নিলে সিলেটের এই অপকৃপ প্রকৃতি চিরতরে ক্ষতিগ্রস্ত হবে।